ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
আন্দরকিল্লা শাখা, ইমাম ম্যানশন, ৫০৪, আন্দরকিল্লা, থানা- কোতয়ালী, জেলা- চট্টগ্রাম।
অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আন্দরকিল্লা শাখার ঋণগ্রহীতা ইটার্নাল ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট লিমিটেড, ব্যবস্থাপনা পরিচালক- ইঞ্জিনিয়ার এ.কে.এম এমতাজুল ইসলাম, চেয়ারপারসন - মিসেস খায়রুন নেছা, ঠিকানা- রশিদ ম্যানসন (৩য় তলা), ১২৯৯, ও.আর. নিজাম রোড, গোলপাহাড় সার্কেল, চট্টগ্রাম কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১/১০/২০১৬ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ১,৩৩,৪২,৯২৭.২৪ টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

১) District-Chittagong, P.S. Panchlaish, Mouza- Sholakbahar, R.S. Khatian No. 440, 443 and 506, R.S. Plot No. 1372, 1373 and 1376, B.S. Khatian No. 207, B.S. Plot No. 2881, 2882, 2884, 2885 and 2886, land measuring .1043 acre (point one zero four three) acres out of total .1655 (point one six five five) acres and 20 numbers of Flats/ Apartments out of total 32 Flats/Apartments of the 9 storied building constructed on the said land namely “Eternal Ayesha” being no. 3-A measuring 1090 sft, 3-B measuring 1132 sft, 3-C measuring 1160 sft, 3-D measuring 1370 sft, 4-A measuring 1090 sft, 4-B measuring 1132 sft, 4-C measuring 1160 sft, 4-D measuring 1370 sft, 5-A measuring 1090 sft, 5-B measuring 1132 sft, 5-C measuring 1160 sft, 5-D measuring 1370 sft, 6-C measuring 1160 sft, 6-D measuring 1370 sft, 7-A measuring 1090 sft, 7-B measuring 1132 sft, 7-C measuring 1160 sft, 7-D measuring 1370 sft, 8-A measuring 1090 sft, 8-B measuring 1132 sft and 8 numbers of car parking space along with proportionate undivided and un-demarcated land and other common facilities attached to the building.

২) District-Chittagong, P.S. Kotwali, Mouza- South Pahartali Khulshi, R.S. Khatian No. 7, R.S. Plot No. 328, P.S. Khatian No. 128/1, P.S. Plot No. 505, B.S. Khatian No. 101, B.S. Mutation Khatian No. 101, B.S. Plot No. 710, land measuring 7.59 decimals out of total 13.31 decimals and 11 numbers of Flats/ Apartments out of total 24 Flats/Apartments of the 9 storied under construction building on the said land namely “Eternal Zakaria” being no.2-A measuring 1503 sft, 3-A measuring 1503 sft, 4-A measuring 1503 sft, 5-A measuring 1503 sft, 6-A measuring 1503 sft, 7-A measuring 1503 sft, 8-A measuring 1503 sft, 5-B measuring 1232 sft, 6-B measuring 1232 sft, 7-B measuring 1232 sft, 8-B measuring 1232 sft with 8 numbers of car parking space along with proportionate undivided and un-demarcated land and other facilities attached to the building.

নিলামের শর্তাবলী

(১) আগামী ২০/১২/২০১৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আন্দরকিল্লা শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আন্দরকিল্লা শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্যান করিতে পারিবেন।

(৪) দরদাতাগন তফসিলে বর্নিত এক বা একাধিক ফ্ল্যাটের জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, সেক্ষেত্রে প্রতিটি ফ্ল্যাটের সহিত আনুপাতিক হারে অবিভক্ত ও অবিভাজ্য জমিও হস্তান্তর করা হইবে, তবে কোন ফ্ল্যাটের আংশিক এর জন্য দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

(৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- পৌরসভা/সিটি কর্পোরেশন, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।

(৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আন্দরকিল্লা শাখা, চট্টগ্রাম